

# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 07 May, 2025

নেত্রকোণায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) কার্যালয়ে ঘুষ, দালালচক্র এবং সেবা কার্যক্রমে অনিয়ম-দুর্নীতির অভিযোগে দুর্নীতি দমন কমিশন (দুদক) অভিযান পরিচালনা করেছে।

বুধবার (৭ মে) দুপুর ১২টা থেকে বিকেল ৩টা পর্যন্ত দুদকের এনফোর্সমেন্ট টিম এ অভিযান পরিচালনা করে। অভিযানে নেতৃত্ব দেন সহকারী পরিচালক মো. বুলু মিয়া। তার নেতৃত্বে চার সদস্যের একটি টিম বিআরটিএ কার্যালয়ের বিভিন্ন শাখায় গিয়ে নথিপত্র ও ডিজিটাল রেকর্ড যাচাই করে।

অভিযান শুরুর আগে সকাল থেকে আশপাশের কম্পিউটার ও ফটোস্টেট দোকানে ছদ্মবেশে তথ্য সংগ্রহ করেন দুদকের কর্মকর্তারা। অভিযোগ রয়েছে, এসব দোকান থেকেই দালালচক্র পরিচালিত হয় এবং বিআরটিএর কিছু অসাধু কর্মকর্তা-কর্মচারীর সহযোগিতায় সাধারণ গ্রাহকদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করা হয়।

দুদকের সহকারী পরিচালক বুলু মিয়া সাংবাদিকদের বলেন, বিআরটিএ অফিসে দালালদের মাধ্যমে গ্রাহক হয়রানি, ঘুষ গ্রহণ এবং সেবায় অনিয়মের অভিযোগে এই অভিযান পরিচালনা করা হয়েছে। আমরা বেশ কিছু নথি, রেকর্ড এবং ভুক্তভোগীদের বক্তব্য সংগ্রহ করেছি। বিশ্লেষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

তিনি আরও জানান, অভিযানের সময় বেশ কয়েকজন গ্রাহককে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। সকাল থেকেই অভিযোগপত্র ও তথ্যভিত্তিক অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা হয়।

এদিকে দুদকের এই অভিযান এলাকায় ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি করেছে। স্থানীয়দের মতে, নিয়মিত তদারকি ও জবাবদিহিতার মাধ্যমে এ ধরনের দুর্নীতি ও হয়রানি বন্ধ করা সম্ভব।

বিআরটিএ দুদক দালাল আটক জরিমানা

